বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

Bangabandhu Sheikh Mujib Medical University

শাহবাগ, ঢাকা, বাংলাদেশ।

স্মারক নং- বিঅসএমএমইউ/২০২১/৯০৩৩ তারিখঃ ০৪/১০/২০২১খ্রিঃ

সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

এই বিশ্ববিদ্যালয়ের নিয়োগবিধি অনুযায়ী নিম্নেবর্ণিত পদগুলো পূরণের জন্য বাংলাদেশের নাগরিকগণের কাছ থেকে আবেদন আহবান করা যাচ্ছে ঃ

ক্র.নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	**অধ্যাপক ঃ** **বেতন স্কেল : টাঃ ৫৬,৫০০-৭৪,৪০০/-**		**ক. শিক্ষাগত যোগ্যতা ঃ** **ক্লিনিক্যাল বিষয়সমূহেঃ** ১. এমবিবিএস অথবা সমমানের ডিগ্রী, ২. নির্দিষ্ট বিষয়ে এমডি অথবা এমএস (বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় অথবা ঢাকা বিশ্ববিদ্যালয়)/FCPS (Fellowship of the College of Physicians and Surgeons of Bangladesh)/MRCP, FRCS, MRCOG, DMRT/DRMD/ DPM/ M.Phil অথবা সমমানের ক্লিনিক্যাল পোস্টগ্রাজুয়েট Qualification। এই postgraduate যোগ্যতা অবশ্যই বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিল এবং বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কাউন্সিল কর্তৃক উল্লিখিত মানসমূহ অথবা সমমানের বলিয়া স্বীকৃত হইতে হইবে। উল্লিখিত মানসমূহের/সমমানের postgraduate qualification থাকা অপরিহার্য বলিয়া বিবেচিত হইবে। Ph.D অথবা D.Phil ডিগ্রী clinical qualification বলিয়া গণ্য হইবে না। কিন্তু অতিরিক্ত qualification হিসাবে বিবেচিত হইতে পারে। একটির অতিরিক্ত স্নাতকোত্তর ডিগ্রীকে অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচনা করা হইবে।
	ক. ক্লিনিক্যাল অনকোলজি বিভাগ	১	
	খ. চক্ষু বিজ্ঞান বিভাগ	১	
	গ. রিপ্রোডাকটিভ এন্ডোক্রাইনোলজি এন্ড ইনফার্টিলিটি বিভাগ	১	
	ঘ. ফিজিক্যাল মেডিসিন এন্ড রিহ্যাবিলিটেশন বিভাগ (স্পোর্টস মেডিসিন)	১	
	ঙ. অবস এন্ড গাইনী বিভাগ	১	
	চ. নেফ্রোলজি বিভাগ (রেনাল ট্রান্সপ্লান্ট এন্ড ডায়াঃ)	১	**খ. অভিজ্ঞতা ঃ** নির্দিষ্ট বিষয়ে নিয়মিত পাঁচ বৎসরের সহযোগী অধ্যাপক অথবা সমান পদমর্যাদায় শিক্ষকতা। **গ. প্রকাশনা ঃ** কমপক্ষে সাতটি গবেষণা প্রকাশনা। প্রকাশনাসমূহ বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কাউন্সিল অথবা তৎকর্তৃক নিয়োগকৃত কোনো কমিটি দ্বারা স্বীকৃত দেশী বা বিদেশী বৈজ্ঞানিক Journal- এ যাহার মধ্যে ন্যূনপক্ষে ২(দুই)টি প্রকাশনা ইনডেক্স মেডিকাস-এ হইতে হইবে। সাতটির মধ্যে তিনটি প্রকাশনা আবেদন করার তারিখের পূর্ববর্তী তিন বৎসরের মধ্যে হইতে হইবে। প্রকাশনাসমূহের মধ্যে কমপক্ষে তিনটিতে আবেদনকারী/ আবেদনকারীনিকে First author হইতে হইবে। **ঘ. অতিরিক্ত যোগ্যতা ঃ** নিম্নলিখিত বিষয়সমূহকে অতিরিক্ত যোগ্যতা বলিয়া গণ্য করা হইবেঃ (১) পূর্ববর্তী পরীক্ষাসমূহে উচ্চতর বিভাগ, (২) মেধাতালিকায় স্থান, (৩) বিভিন্ন বিষয়ে অনার্স নম্বর, (৪) পরীক্ষায় নিয়মিত পাশ।
২.	**সহযোগী অধ্যাপক ঃ** **বেতন স্কেল : টাঃ ৫০,০০০-৭১,২০০/-**		**ক. শিক্ষাগত যোগ্যতা ঃ** **ক্লিনিক্যাল বিষয়সমূহেঃ** ১. এমবিবিএস অথবা সমমানের ডিগ্রী, ২. নির্দিষ্ট বিষয়ে এমডি অথবা এমএস (বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় অথবা ঢাকা বিশ্ববিদ্যালয়)/FCPS (Fellowship of the College of Physicians and Surgeons of Bangladesh)/MRCP, FRCS, MRCOG, DMRT/DRMD/ DPM/ M.Phil অথবা সমমানের ক্লিনিক্যাল পোস্টগ্রাজুয়েট Qualification এই postgraduate যোগ্যতা অবশ্যই বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিল এবং বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কাউন্সিল কর্তৃক স্বীকৃত হইতে হইবে। উল্লিখিত মানসমূহের অথবা সমমানের postgraduate qualification থাকা অপরিহার্য বলিয়া বিবেচিত হইবে। D.Phil ডিগ্রী clinical qualification বলিয়া গণ্য হইবে না। কিন্তু অতিরিক্ত qualification হিসাবে বিবেচিত হইতে পারে। একটির অতিরিক্ত স্নাতকোত্তর ডিগ্রীকে অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচনা করা হইবে।
	ক. ওরাল এন্ড ম্যাক্সিলোফেসিয়াল সার্জারি বিভাগ	১	
	খ. ফার্মাকোলজি বিভাগ	২	
	গ. প্যাথলজি বিভাগ	১	
	ঘ. গ্রাজুয়েট নার্সিং বিভাগ	১	
	ঙ. ফিজিওলজি বিভাগ	১	
	চ. কমিউনিটি অফথালমোলজি বিভাগ (অনকোলজি এন্ড অকোলোপ্লাস্টি)	১	
	ছ. ক্লিনিক্যাল অনকোলজি বিভাগ	২	

চলমান পাতা-০১

	জ. সার্জারি বিভাগ (প্লাস্টিক সার্জারি)	১	**বেসিক বিষয়সমূহে (Basic Subjects) :** ১. MBBS অথবা সমমানের ডিগ্রী, ২. নির্দিষ্ট বিষয়ে MD, MS, M.Phil, MSc, Ph.D অথবা D.Phil ডিগ্রী অথবা সেই বিষয়ে সমমানের postgraduate qualification যাহা বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে। **খ. অভিজ্ঞতা ঃ** নির্দিষ্ট বিষয়ে নিয়মিত তিন বৎসরের সহকারী অধ্যাপক অথবা সমমানের পদে শিক্ষকতা। **গ. প্রকাশনা ঃ** কমপক্ষে পাঁচটি গবেষণা প্রকাশনা, প্রকাশনাসমূহ বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কাউন্সিল কর্তৃক অথবা তৎকর্তৃক নিয়োগকৃত কোনো কমিটি দ্বারা স্বীকৃত দেশী বা বিদেশী বৈজ্ঞানিক journal-এ যাহার মধ্যে ন্যূনপক্ষে ১(এক)টি প্রকাশনা ইনডেক্স মেডিকাস-এ হইতে হইবে। পাঁচটির মধ্যে অন্ততঃ দুইটি প্রকাশনা আবেদন করিবার তারিখের পূর্ববর্তী দুই বৎসরের মধ্যে হইতে হইবে। প্রকাশনাসমূহের মধ্যে কমপক্ষে দুইটিতে আবেদনকারী/আবেদনকারীনিকে First author হইতে হইবে। **ঘ. অতিরিক্ত যোগ্যতা ঃ** নিম্নলিখিত বিষয় সমূহকে অতিরিক্ত যোগ্যতা বলিয়া গণ্য করা হইবে ঃ (১) পূর্ববর্তী পরীক্ষাসমূহে উচ্চতর বিভাগ, (২) মেধাতালিকায় স্থান, (৩) বিভিন্ন বিষয়ে অনার্স নম্বর, (৪) পরীক্ষায় নিয়মিত পাশ।
	ঝ. কার্ডিওলজি বিভাগ (ইন্টারভেনশন কার্ডিওলজি)	১	
	ঞ. সার্জারি বিভাগ (সার্জিক্যাল অনকোলজি)	১	
	ট. পেডোডন্টিকস বিভাগ	১	
	ঠ. ইউরোলজি বিভাগ (রেনাল ট্রান্সপ্লানটেশন সার্জারি)	১	
	ড. নিউরোলজি বিভাগ	১	
			সহযোগী অধ্যাপক, গ্রাজুয়েট নার্সিং- এর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞাতা নিম্নরূপ ঃ **ক. শিক্ষাগত যোগ্যতা ঃ** ১. বিএসসি নার্সিং ডিগ্রী; ২. এমএসসি (নার্সিং) অথবা এমপিএইচ ডিগ্রী। খ. অভিজ্ঞতা ঃ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ০৮ (আট) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। গ. **মৌলিক গবেষণা প্রকাশনা ঃ First Author হিসাবে প্রতিটি প্রকাশনাকে ০১ (এক) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা হিসেবে গণ্য করা হবে।**
৩.	**সহকারী অধ্যাপক ঃ** **বেতন স্কেল : টাঃ ৩৫,৫০০-৬৭,০১০/-**		**ক. শিক্ষাগত যোগ্যতা ঃ** **ক্লিনিক্যাল বিষয়সমূহেঃ** ১. এমবিবিএস অথবা সমমানের ডিগ্রী,
	ক. ক্লিনিক্যাল অনকোলজি বিভাগ	১	২. নির্দিষ্ট বিষয়ে এমডি অথবা এমএস (বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় অথবা ঢাকা বিশ্ববিদ্যালয়)/FCPS (Fellowship of the College of Physicians and Surgeons of Bangladesh)/MRCP, FRCS, MRCOG, DMRT/DRMD/ DPM/ M.Phil অথবা সমমানের ক্লিনিক্যাল পোস্টগ্রাজুয়েট Qualification এই postgraduate যোগ্যতা অবশ্যই বাংলাদেশ মেডিক্যাল ও ডেন্টাল কাউন্সিল এবং বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কাউন্সিল কর্তৃক স্বীকৃত হইতে হইবে। উল্লিখিত মানসমূহের অথবা সমমানের postgraduate qualification থাকা অপরিহার্য বলিয়া বিবেচিত হইবে। Ph.D অথবা D.Phil ডিগ্রী clinical qualification বলিয়া গণ্য হইবে না। কিন্তু অতিরিক্ত qualification হিসাবে বিবেচিত হইতে পারে। একটির অতিরিক্ত স্নাতকোত্তর ডিগ্রীকে অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচনা করা হইবে।
	খ. রেসপিরেটরি মেডিসিন বিভাগ	১	
	গ. অটোল্যারিংগোলজি-হেড এন্ড নেক সার্জারি বিভাগ	১	
	ঘ. এ্যানেসথেসিয়া, এনালজেসিয়া এন্ড ইনটেনসিভ কেয়ার মেডিসিন বিভাগ	৪	
	ঙ. কনজারভেটিভ ডেনটিসট্রি এন্ড এন্ডোডনটিক্স বিভাগ	১	
	চ. প্যাথলজি বিভাগ	২	
	ছ. কার্ডিয়াক সার্জারি (থোরাসিক সার্জারি) বিভাগ	১	**বেসিক বিষয়সমূহে (Basic Subjects) :** ১. MBBS অথবা সমমানের ডিগ্রী,
	জ. ইউরোলজি বিভাগ (রেনাল ট্রান্সপ্লানটেশন সার্জারি)	১	২. নির্দিষ্ট বিষয়ে MD, MS, M.Phil, MSc, Ph.D অথবা D.Phil ডিগ্রী অথবা সেই বিষয়ে সমমানের postgraduate qualification যাহা বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।
	ঝ. সার্জারি বিভাগ (সার্জিক্যাল অনকোলজি)	১	
	ঞ. রিউমাটোলজি বিভাগ	১	**খ. প্রকাশনা ঃ** কমপক্ষে তিনটি গবেষণা প্রকাশনা, প্রকাশনাসমূহ বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কাউন্সিল কর্তৃক অথবা তৎকর্তৃক নিয়োগকৃত কোনো কমিটি দ্বারা স্বীকৃত দেশী বা বিদেশী বৈজ্ঞানিক journal- এ হইতে হইবে।
	ট. নেফ্রোলজি বিভাগ (রেনাল ট্রান্সপ্লান্ট এন্ড ডায়াঃ)	১	
	ঠ. ইন্টারনাল মেডিসিন বিভাগ (আরপি)	১	**গ. অতিরিক্ত যোগ্যতা ঃ** নিম্নলিখিত বিষয় সমূহকে অতিরিক্ত যোগ্যতা বলিয়া গণ্য করা হইবে ঃ (১) পূর্ববর্তী পরীক্ষাসমূহে উচ্চতর বিভাগ, (২) মেধাতালিকায় স্থান, (৩) বিভিন্ন বিষয়ে অনার্স নম্বর, (৪) পরীক্ষায় নিয়মিত পাশ।
	ড. জেনারেল সার্জারী বিভাগ (আরএস)	১	
	ঢ. অবস এন্ড গাইনী বিভাগ	১	**ঘ. সহকারী অধ্যাপক (আরপি এবং আরএস) এর ক্ষেত্রে** ১. সার্বক্ষনিকভাবে দায়িত্ব পালন করতে হবে। ২. ক্যাম্পাসে আবাসিক ব্যবস্থা থাকবে। ৩. নন প্র্যাকটিসিং ভাতা হিসেবে মাসিক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা দেয়া হবে

চলমান পাতা-০২

শর্তাবলী ঃ

১. প্রার্থীগণকে রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে পূবালী ব্যাংক লিঃ, ঢাকার শাহবাগ এভিনিউ শাখার উপর ১,০০০/- (এক হাজার) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ নিম্নস্বাক্ষরকারীর অফিসে অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রাপ্তব্য নির্দিষ্ট আবেদনপত্রে ১০(দশ) কপি আবেদন, পাসপোর্ট আকারের ১০(দশ) কপি রঙিন ছবি, ১০(দশ) কপি গবেষণা প্রকাশনাসমূহের ফটোকপি (শিক্ষকবৃন্দের ক্ষেত্রে), ১০(দশ) কপি বিএমডিসি'র হালনাগাদ রেজিস্ট্রেশনের ফটোকপি ও ১০(দশ) সেট সকল সার্টিফিকেটের ফটোকপি আগামী ০৪/১২/২০২১ তারিখ বেলা ০২-৩০টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিসে পৌঁছাতে হবে।

২. চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৩. বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোনো প্রতিষ্ঠানের চাকরি শিক্ষকতার অভিজ্ঞতা হিসাবে গণ্য করা হবে না।

৪. সহকারী অধ্যাপক পদে নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা (আবেদনপত্র জমার শেষ দিন) ৪৫ (পয়তাল্লিশ) বৎসর। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

৫. **অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।**

৬. নির্দিষ্ট সময়সীমার পর প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৭. বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.bsmmu.edu.bd) থেকে নিয়োগ বিজ্ঞপ্তি ও আবেদনপত্র সংগ্রহ করা যাবে।

০৫/১০/২০২১

(অধ্যাপক এ বি এম আব্দুল হান্নান)
রেজিস্ট্রার